# পারিশ্রমিক চাই না

## لَا أَسْئَلُكُمْ عَلَيْهِ أَجْرًا

## আমি তো এ কাজের জন্য তোমাদের কাছে কোনো পারিশ্রমিক চাই না

## আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

## বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: **"আমি তো এ কাজের জন্য তোমাদের কাছে কোনো পারিশ্রমিক চাই না ।"**

এ কথাটি কুরআন মাজীদে ১৬ টি আয়াতে উল্লেখিত হয়েছে। সমস্ত নবী-রাসূলগণ তার কওমকে একই কথা বলেছিল। তারা আল্লাহর একত্ববাদ এবং আখেরাতে হিসাব নিকাশ হবে একই কথা সমস্ত নবীগণই বলেছেন এবং দুনিয়ায় আল্লাহর নাফরমানীর পরিনাম সম্পর্কে সতর্ক করে দিয়েছেন।

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল-আনা'আম ৬:৯০**

১. (মুহাম্মদ (স:) বলা হচ্ছে) তুমি বলো: আমি তো এ কাজের জন্য তোমাদের কাছে কোনো পারিশ্রমিক চাই না।

أُولَٰئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ ۖ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ ۗ قُل لَّا أَسْأَلُكُمْ
عَلَيْهِ أَجْرًا ۖ إِنْ هُوَ إِلَّا ذِكْرَىٰ لِلْعَالَمِينَ ﴿٩٠﴾

**উহাদেরকেই আল্লাহ সৎপথে পরিচালিত করিয়াছেন, সুতরাং তুমি তাহাদের পথের অনুসরণ করো। বলো, 'ইহার জন্য আমি তোমাদের নিকট পারিশ্রমিক চাই না, ইহাই তো শুধু বিশ্বজগতের জন্য উপদেশ।**
**(সূরা আল-আনা'আম ৬:৯০)**

Click here http://www.morningbrightness.fi/

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা ইউনুস ১০:৭২**

২. (নূহ (আ:) বলেছেন) আমি তো এ কাজের জন্য তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আমার প্রতিদানের দায়িত্ব আল্লাহর উপর।

فَإِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَأَلْتُكُمْ مِّنْ أَجْرٍ ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ ۖ وَأُمِرْتُ
أَنْ أَكُونَ مِنَ الْمُسْلِمِينَ ﴿٧٢﴾

**অতঃপর তোমরা মুখ ফিরাইয়া লইলে লইতে পার, তোমাদের নিকট আমি তো কোনো পারিশ্রমিক চাই নাই, আমার পারিশ্রমিক আছে আল্লাহর নিকট, আমি তো আত্মসমর্পনকারীদের অন্তর্ভুক্ত হইতে আদিষ্ট হইয়াছি। (সূরা ইউনুস ১০:৭২)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা হুদ ১১:২৯**

৩. (নূহ (আ:) বক্তব্য) হে আমার কওম! এ কাজের জন্য তো আমি তোমাদের কাছে মাল-সম্পদ চাই না। আমার প্রতিদানের দায়িত্ব তো আল্লাহর।

وَيٰقَوْمِ لَآ أَسْئَلُكُمْ عَلَيْهِ مَالًا ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ وَمَآ
أَنَا بِطَارِدِ الَّذِينَ آمَنُوا ۚ إِنَّهُمْ مُّلٰقُوا رَبِّهِمْ وَلٰكِنِّيٓ أَرٰىكُمْ
قَوْمًا تَجْهَلُونَ ﴿٢٩﴾

**হে আমার সম্প্রদায়! ইহার পরিবর্তে আমি তোমাদের নিকট ধনসম্পদ চাই না। আমার পারিশ্রমিক তো আল্লাহর নিকট এবং মু'মিনদেরকে তাড়াইয়া দেওয়া আমার কাজ নয়; তাহারা নিশ্চিতভাবে তাহাদের প্রতিপালকের সাক্ষাৎ লাভ করিবে। কিন্তু আমি তো দেখিতেছি তোমরা এক অজ্ঞ সম্প্রদায়।**
**(সূরা হুদ ১১:২৯)**

৪. (হুদ (আ:) বক্তব্য) হে আমার কওম ! আমি তো এ কাজের জন্য তোমাদের কাছে কোনো প্রকার পারিশ্রমিক চাই না। আমার প্রতিদানের দায়িত্ব তার, যিনি আমাকে সৃষ্টি করেছেন।

يٰقَوْمِ لَآ أَسْـَٔلُكُمْ عَلَيْهِ أَجْرًا ۖ إِنْ أَجْرِىَ إِلَّا عَلَى ٱلَّذِى فَطَرَنِىٓ ۚ
أَفَلَا تَعْقِلُونَ ﴿٥١﴾

**হে আমার সম্প্রদায় ! আমি ইহার পরিবর্তে তোমাদের নিকট পারিশ্রমিক চাই না। আমার পারিশ্রমিক আছে তাহার নিকট, যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন। তোমরা কি তবুও অনুধাবন করিবে না? (সূরা হুদ ১১:৫১)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>  <u>সূরা ইউসুফ ১২:১০৪</u>**

৫. (আল্লাহ মুহাম্মদ (স:) বলছেন) অথচ তুমি তো এ কাজের বিনিময়ে তাদের কাছ থেকে কোনো প্রকার পারিশ্রমিক দাবি করছো না। এ (কুরআন) তো বিশ্ববাসীর জন্য এক উপদেশ ছাড়া আর কিছু নয়।

وَمَا تَسْـَٔلُهُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۚ إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِينَ ﴿١٠٤﴾

**এবং তুমি তাহাদের নিকট ইহার জন্য কোনো পারিশ্রমিক দাবি করিতেছ না। ইহা তো বিশ্বজগতের জন্য উপদেশ ব্যাতিত কিছু নয়। (সূরা ইউসুফ ১২:১০৪)**

Click here [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>  <u>সূরা আল-ফুরকান ২৫:৫৭</u>**

৬. তুমি বলো (হে মুহাম্মদ) আমি তো এ দায়িত্ব পালনের জন্য তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না, তবে যে ইচ্ছা করে সে যেন তার প্রভুর  পথ অবলম্বন করে।

قُلْ مَآ أَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِلَّا مَن شَآءَ أَن يَتَّخِذَ إِلَىٰ رَبِّهِۦ
سَبِيلًا ٥٧

**বল, আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাই না, তবে যে ইচ্ছা করে সে তাহার প্রতিপালকের দিকের পথ অবলম্বন করুক। (সূরা আল-ফুরকান ২৫:৫৭)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>  <u>সূরা আশ-শোয়ারা ২৬:১০৯</u>**

৭. (নূহ (আ:) বক্তব্য) তোমাদের (সতর্ক করার) এ কাজ করার জন্য আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না আমাকে প্রতিদান দেয়ার দায়িত্ব রাব্বুল আলামিনের।

وَمَآ أَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۖ إِنْ أَجْرِىَ إِلَّا عَلَىٰ رَبِّ
ٱلْعَٰلَمِينَ ١٠٩

**আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাই না, আমার পুরস্কার তো জগৎসমূহের প্রতিপালকের নিকটই আছে। (সূরা আশ-শোয়ারা ২৬:১০৯)**

৮. (হুদ (আ:) আদ জাতিকে বলেছিলেন): আমি তো তোমাদের (সতর্ক করার) এ দায়িত্ব পালনের জন্য তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আমাকে প্রতিদান দেয়ার দায়িত্ব রাব্বুল আলামিনের।

وَمَآ اَسۡـَٔلُكُمۡ عَلَيۡهِ مِنۡ اَجۡرٍ‌ۚ اِنۡ اَجۡرِىَ اِلَّا عَلٰى رَبِّ

الۡعٰلَمِيۡنَ ؕ ١٢٧

**আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাই না, আমার পুরস্কার তো জগৎসমূহের প্রতিপালকের নিকটই আছে। (সূরা আশ-শোয়ারা ২৬:১২৭)**

৯. (সালেহ (আ:) সামুদ জাতিকে বলেছিলেন): তোমাদের সতর্ক করার এ কাজের জন্য আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আমার প্রতিদানের দায়িত্ব রাব্বুল আলামিনের।

وَمَآ اَسۡـَٔلُكُمۡ عَلَيۡهِ مِنۡ اَجۡرٍ‌ۚ اِنۡ اَجۡرِىَ اِلَّا عَلٰى رَبِّ الۡعٰلَمِيۡنَ ؕ ١٤٥

**আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাই না, আমার পুরস্কার তো জগৎসমূহের প্রতিপালকের নিকটই আছে। (সূরা আশ-শোয়ারা ২৬:১৪৫)**

১০. (লুত (আ:) তার জাতিকে বলেছিলেন): তোমাদের সতর্ক করার জন্য আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আমার প্রতিদানের দায়িত্ব আল্লাহ রাব্বুল আলামিনের।

وَمَآ اَسۡـَٔلُكُمۡ عَلَيۡهِ مِنۡ اَجۡرٍ‌ۚ اِنۡ اَجۡرِىَ اِلَّا عَلٰى رَبِّ

الۡعٰلَمِيۡنَ ؕ ١٦٤

**আমি ইহার জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না, আমার পুরস্কার তো জগৎসমূহের প্রতিপালকের নিকটই আছে। (সূরা আশ-শোয়ারা ২৬:১৬৪)**

১১. (শুয়াইব (আ:) তার জাতি আইকাবাসীদের বলেছিলেন): তোমাদের সতর্ক করার এ দায়িত্ব পালনের জন্য আমি তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আমার প্রতিদানের দায়িত্ব রাব্বুল আলামিনের উপর।

وَمَآ أَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۖ إِنْ أَجْرِىَ إِلَّا عَلَىٰ رَبِّ ٱلْعَٰلَمِينَ ١٨٠

**আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাই না। আমার পুরস্কার তো জগৎসমূহের প্রতিপালকের নিকটই আছে। (সূরা আশ-শোয়ারা ২৬:১৮০)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:  সূরা সাবা ৩৪:৪৭</u>**

১২. (মুহাম্মদ (স:) বলা হচ্ছে) বলো, আমি তো তোমাদের কাছে কোনো পারিশ্রমিক চেয়ে থাকলে তা তোমাদেরই। আমার পুরস্কার তো রয়েছে আল্লাহর কাছে।

قُلْ مَا سَأَلْتُكُم مِّنْ أَجْرٍ فَهُوَ لَكُمْ ۖ إِنْ أَجْرِىَ إِلَّا عَلَى ٱللَّهِ ۖ وَهُوَ عَلَىٰ كُلِّ شَىْءٍ شَهِيدٌ ٤٧

**বল, আমি তোমাদের নিকট কোন পারিশ্রমিক চাই না, তাহা তো তোমাদেরই; আমার পুরস্কার তো আছে আল্লাহর নিকট এবং তিনি সর্ববিষয়ে দ্রষ্টা। (সূরা সাবা ৩৪:৪৭)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:  সূরা সোয়াদ ৩৮:৮৬</u>**

১৩. (মুহাম্মদ (স:) বলা হচ্ছে) হে নবী ! বলো, আমি তো এ কাজের জন্য তোমাদের কাছে কোন পারিশ্রমিক চাই না। আর যারা মিথ্যা দাবি করে আমি সে রকম লোক ও নোই।

قُلْ مَآ أَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ وَمَآ أَنَا۠ مِنَ ٱلْمُتَكَلِّفِينَ ٨٦

**বল, আমি ইহার জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না এবং যাহারা মিথ্যা দাবি করে আমি তাহাদের অন্তর্ভুক্ত নই। (সূরা সোয়াদ ৩৮:৮৬)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>  <u>সূরা আশ-শুরা ৪২:২৩</u>**

১৪. হে মুহাম্মদ তোমার জাতির লোকদের বলো, এর (এই দাওয়াত ও আহবানের) বিনিময়ে আমি তোমাদের কাছে আত্মীয়তার সৌজন্য ছাড়া আর কোনো প্রতিদান চাই না।

ذٰلِكَ الَّذِیْ یُبَشِّرُ اللّٰهُ عِبَادَهُ الَّذِیْنَ اٰمَنُوْا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ ؕ
قُلْ لَّاۤ اَسْـَٔلُكُمْ عَلَیْهِ اَجْرًا اِلَّا الْمَوَدَّةَ فِی الْقُرْبٰی ؕ وَ مَنْ
یَّقْتَرِفْ حَسَنَةً نَّزِدْ لَهٗ فِیْهَا حُسْنًا ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ شَكُوْرٌ ﴿۲۳﴾

**এই সুসংবাদ ই আল্লাহ দেন তাহার বান্দাদেরকে যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে। বলো, আমি ইহার বিনিময়ে তোমাদের নিকট হইতে আত্মীয়ের সৌহার্দ্য ব্যাতিত অন্য কোনো প্রতিদান চাই না। যে উত্তম কাজ করে আমি তাহার জন্য ইহাতে কল্যাণ বর্ধিত করি। আল্লাহ ক্ষমাশীল, গুনগ্রাহী। (সূরা আশ-শুরা ৪২:২৩)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>  <u>সূরা আত-তুর ৫২:৪০</u>**

১৫. (মুহাম্মদ (স:) কে বলা হচ্ছে) নাকি তুমি তাদের কাছে (তাদের উপদেশ দেয়ার জন্য) পারিশ্রমিক চাইছো, আর তারা সেটাকে তাদের জন্য বোঝা মনে করছে?

اَمْ تَسْـَٔلُهُمْ اَجْرًا فَهُمْ مِّنْ مَّغْرَمٍ مُّثْقَلُوْنَ ؕ ﴿۴۰﴾

**তবে কি তুমি উহাদের নিকট পারিশ্রমিক চাহিতেছ যে, উহারা ইহাকে একটি দুর্বহ বোঝা মনে করে? (সূরা আত-তুর ৫২:৪০)**

Click here http://www.morningbrightness.fi/

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>  <u>সূরা আল-কালাম ৬৮:৪৬</u>**

১৬. (হে নবী) তুমি কি তাদের কাছে পারিশ্রমিক চাইছো আর তারা সেটাকে মনে করছে দুর্বহ বোঝা?

أَمْ تَسْـَٔلُهُمْ أَجْرًا فَهُم مِّن مَّغْرَمٍ مُّثْقَلُونَ ٣٦

**তুমি কি উহাদের নিকট পারিশ্রমিক চাহিতেছ যে, তাহা উহাদের কাছে দুর্বহ দণ্ড মনে হয়?**
**(সূরা আল-কালাম ৬৮:৪৬)**

প্রিয় ভাই ও বোনেরা, অতীতের নবীগণ তাদের জাতিকে বিনা পারিশ্রমিকে সতর্ক করেছিলেন, তারা সতর্ক হয় নাই, সুতরাং তাদের উপর নেমে এসেছিল ভয়ংকর আযাব এবং সে সমস্ত জাতি সম্পূর্ণ ধ্বংস হয়ে গিয়েছিল। আমরা হযরত মুহাম্মদ (স:) এর উম্মত, আসুন আমরা সতর্ক হয়ে যাই, ফিরে আসি আল্লাহর ইবাদত ও সৎকাজ করি. না হলে আমাদের উপর নেমে আসবে কঠিন আযাব। কিছুটা নমুনা তো আমরা দেখতে পাচ্ছি COVID-19 আর মহামারীর মাধ্যমে।
শিরক থেকে মুক্ত হয়ে তওবা ও মাগফিরাত করে কুরআন ও সহীহ হাদীসের অনুসরণ করি।
আল্লাহ আমাদের সাহায্য করুন।

**আমীন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু**

Click here http://www.morningbrightness.fi/